



ঃ ভর্তি বিজ্ঞপ্তি :

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে স্নাতক কোর্সে ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ১২ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের তালিকা (অপেক্ষমান তালিকাসহ) প্রকাশ করা হল (সংযুক্তি দ্রষ্টব্য)।

১. মেধা তালিকা:

ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	মেধাক্রম: ১ - ৮৬০	ফাইলের নাম: merit_list_ka
স্থাপত্য বিভাগ	মেধাক্রম: ১ - ৩০	ফাইলের নাম: merit_list_kha
রাখাইন সম্প্রদায় এবং পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য সংরক্ষিত আসন	মেধাক্রম: ১ - ১১	ফাইলের নাম: merit_list_tribal

২. অপেক্ষমান তালিকা:

ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ	মেধাক্রম: ৮৬১ - ৪০০০	ফাইলের নাম: waiting_list_ka
স্থাপত্য বিভাগ	মেধাক্রম: ৩১ - ২৪৫	ফাইলের নাম: waiting_list_kha
রাখাইন সম্প্রদায় এবং পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য সংরক্ষিত আসন	মেধাক্রম: ১২ - ১৭	ফাইলের নাম: waiting_list_tribal

যোগ্য ঘোষিত সকল প্রার্থীকে (মেধা তালিকা ও অপেক্ষমান তালিকাভুক্ত) বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্ধারিত 'ভর্তি ফরম' অনলাইনে পূরণকরত বিভাগের পছন্দক্রম দিতে হবে। অনলাইনে বিভাগের পছন্দক্রম সহ 'ভর্তি ফরম' আগামী ২৭/১০/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ থেকে ০৫/১১/২০১৯ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত পূরণ করা যাবে। পূরণকৃত ফরমের (প্রিন্টেড) ০১ কপি ভর্তির নির্ধারিত তারিখে নিয়ে আসতে হবে। 'ভর্তি ফরম' বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট <http://www.cuet.ac.bd/admission> অথবা <http://student.cuet.ac.bd/admission2019> এ পাওয়া যাবে।

উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে বিভিন্ন বিভাগে মেধাক্রম এবং ইতোপূর্বে প্রদত্ত পছন্দক্রম অনুসারে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে। নির্ধারিত দিনে নির্ধারিত সময়ে ভর্তির নিমিত্তে সাক্ষাতকারের জন্য উপস্থিত না হলে ভর্তির যোগ্যতা বাতিল বলে গণ্য হবে। আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে শুধুমাত্র মেধাক্রম অনুযায়ী ভর্তির সুযোগ পাবে। অনিবার্য কারণবশত ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে প্রচার করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭৫৯১২৩১৪৮ ও ০১৭৫৯১২৩১০৩ এবং ০৩১-৭১৪৯১১ নম্বরে যোগাযোগ করা যাবে।

১.	মেধা তালিকা থেকে ভর্তি ক. ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ (মেধাক্রম: ১ - ৮৬০) খ. স্থাপত্য বিভাগ (মেধাক্রম: ১ - ৩০) গ. রাখাইন সম্প্রদায় এবং পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) জন্য সংরক্ষিত আসন (মেধাক্রম: ১ - ১১)	০৬/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বুধবার সময় : সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
২.	আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য ১ম তালিকা প্রকাশ	০৬/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বুধবার বিকাল ৫:০০ ঘটিকা
৩.	অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য প্রকাশিত ১ম তালিকা থেকে ভর্তি	১৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বুধবার সময় : সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
৪.	আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য ২য় তালিকা প্রকাশ	১৩/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বুধবার বিকাল ৫:০০ ঘটিকা
৫.	অপেক্ষমান তালিকা হতে ভর্তির জন্য প্রকাশিত ২য় তালিকা থেকে ভর্তি	২০/১১/২০১৯ খ্রিস্টাব্দ, বুধবার সময় : সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
৬.	আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুযায়ী পর্যায়ক্রমে ওরিয়েন্টেশনের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলবে এবং তা বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইট থেকে জানা যাবে। ওরিয়েন্টেশন এবং ক্লাশ শুরুর তারিখ ও সময় পত্রিকায় বিজ্ঞপ্তি মাধ্যমে জানানো হবে।	

ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত দলিলাদি (Documents) নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:

(১) ভর্তির দিন শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ছবিসহ এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড এবং অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত প্রবেশপত্র, (২) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাশের মূল সনদপত্র এবং গ্রেডশীটের মূল কপি, (৩) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীটের মূল কপি, (৪) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদপত্র/শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি, (৫) ভর্তির আবেদনের সময় আপলোডকৃত রঙিন ছবির ০২ (দুই) টি সত্যায়িত কপি, (৬) উপরে বর্ণিত প্রতিটি মূল/সাময়িক সনদপত্রের এবং মার্কশীট/গ্রেডশীট এর আরও একটি করে ফটোকপি এবং (৭) Blood Group, Chest X-ray ইত্যাদির মেডিক্যাল টেস্ট রিপোর্ট (প্রতিষ্ঠিত ডায়াগনস্টিক সেন্টার হতে)। মেডিকেল টেস্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে রাখতে হবে।

উপর্যুক্ত দলিলাদি ছাড়াও রাখাইন সম্প্রদায় এবং পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য জেলার নৃ-গোষ্ঠীর (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমাণস্বরূপ ১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, ২) স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং ৩) উপজাতীয় মোড়লের নিকট থেকে মূল সার্টিফিকেট (মোট ৩ টি) দাখিল করতে হবে।

নিরীক্ষা বোর্ড কর্তৃক নিরীক্ষাকৃত প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ের চীফ মেডিক্যাল অফিসার-এর সমন্বয়ে গঠিত মেডিক্যাল বোর্ড দ্বারা স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। ভর্তির জন্য নির্ধারিত ফি'র পরিমাণ মোট ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা।

ক্লাশ শুরুর ০৩ (তিন) কর্মদিবস পূর্বে কোনো ছাত্র/ছাত্রী ভর্তি বাতিল করতে চাইলে ২,০০০/- (দুই হাজার) টাকা এবং উক্ত সময়ের পরে যে কোনো সময়ে ভর্তি বাতিলের জন্য ৭,০০০/- (সাত হাজার) টাকা ফি প্রদান করে ভর্তি বাতিল করতে পারবে।

স্বাক্ষরিত /-

(অধ্যাপক ড. ফারুক-উজ-জামান চৌধুরী)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, স্নাতক ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০১৯-২০), চুয়েট।
২. পরিচালক, আইআইসিটি, চুয়েট (CUET Website-এ Upload করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
৩. এ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি ফলক।
৪. সংরক্ষণ নথি।